



# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

এসএমই বিভাগ

[www.krishibank.org.bd](http://www.krishibank.org.bd)

নং-বিকেবি-প্রকা/এসএমই বিঃ(শাখা-১)-৭(৮)/সিজিএস/২০২৩-২০২৪/২৫২ (২৫০)

তারিখঃ ০২/০৪/২০২৪

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।

উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।

সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।

সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)

বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় : 'কৃষিজাত পণ্য প্রক্রিয়াজাত করার জন্য ১,৪০০ কোটি টাকা' এবং 'নারী উদ্যোক্তাদের জন্য স্মল এন্টারপ্রাইজ খাতে ৩,০০০ কোটি টাকা' পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় জামানতবিহীন ঋণের বিপরীতে ক্রেডিট গ্যারান্টি সুবিধা প্রসঙ্গে।

সূত্র নং : বাংলাদেশ ব্যাংক এর ক্রেডিট গ্যারান্টি প্রদান সংক্রান্ত মাস্টার সার্কুলার নং-০১, তারিখ: ৮/১১/২০২৩।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ ব্যাংক এর ক্রেডিট গ্যারান্টি ডিপার্টমেন্ট কর্তৃক সূত্র বর্ণিত মাস্টার সার্কুলারের মাধ্যমে এসএমইএসপিডি পরিচালিত 'কৃষিজাত পণ্য প্রক্রিয়াজাত করার জন্য ১,৪০০ কোটি টাকা' এবং 'নারী উদ্যোক্তাদের জন্য স্মল এন্টারপ্রাইজ খাতে ৩,০০০ কোটি টাকা' পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় উপযুক্ত উদ্যোক্তাদের জামানতবিহীন ঋণের বিপরীতে ক্রেডিট গ্যারান্টি সুবিধা চালু করা হয়েছে। উক্ত সার্কুলারে বর্ণিত নির্দেশনা অনুসারে ক্রেডিট গ্যারান্টি সুবিধা গ্রহণের লক্ষ্যে আলোচ্য স্কিমসমূহের জন্য ১১/০৩/২০২৪ তারিখে বাংলাদেশ ব্যাংকের সাথে অত্র ব্যাংকের অংশগ্রহণ চুক্তি (Participation Agreement) সম্পাদিত হয়েছে।

০২। উক্ত অংশগ্রহণ চুক্তির প্রেক্ষিতে বাংলাদেশ ব্যাংক কর্তৃক ক্রেডিট গ্যারান্টি সুবিধা প্রদানের নিমিত্ত জানুয়ারি-ডিসেম্বর ২০২৪ সালের জন্য নিম্নোক্তভাবে অত্র ব্যাংকের পোর্টফোলিও গ্যারান্টি লিমিট (পিজিএল) নির্ধারণ করা হয়েছে :

ক্রমিক	ক্রেডিট গ্যারান্টি সুবিধা	পোর্টফোলিও গ্যারান্টি লিমিট (টাকা)
১.	কৃষিজাত পণ্য প্রক্রিয়াজাতকরণের জন্য ক্রেডিট গ্যারান্টি সুবিধা	১০ কোটি
২.	নারী উদ্যোক্তাদের জন্য ক্রেডিট গ্যারান্টি সুবিধা	১০ কোটি

০৩। উল্লিখিত প্যাকেজসমূহে ক্রেডিট গ্যারান্টি স্কিমের আওতায় বাংলাদেশ ব্যাংক হতে গ্যারান্টি সুবিধা গ্রহণের লক্ষ্যে যথাযথ উদ্যোক্তার অনুকূলে ঋণ মঞ্জুরি অস্ত্রে পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে নির্ধারিত ছকে (সংযোজনী-১ ও সংযোজনী-২ মোতাবেক) তথ্যাদিসহ গ্যারান্টি প্রস্তাব অত্র বিভাগে প্রেরণ করতে হবে। এমতাবস্থায়, বাংলাদেশ ব্যাংক ও অত্র ব্যাংক কর্তৃক জারীকৃত এ সংক্রান্ত নীতিমালাসমূহ যথাযথ অনুসরণপূর্বক আলোচ্য স্কিমসমূহের আওতায় আবেদন প্রেরণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

আপনার বিশ্বস্ত

(আনন্দ মোহন গোপ)

উপমহাব্যবস্থাপক

এসএমই প্রধান

ফোনঃ ০২৪৭-১২০১৬৬

ই-মেইলঃ [headofsme@krishibank.org.bd](mailto:headofsme@krishibank.org.bd)

সংযুক্তিঃ বর্ণনামতে।

চলমান পাতা-০২


বিষয় : 'কৃষিজাত পণ্য প্রক্রিয়াজাত করার জন্য ১,৪০০ কোটি টাকা' এবং 'নারী উদ্যোক্তাদের জন্য স্মল এন্টারপ্রাইজ খাতে ৩,০০০ কোটি টাকা' পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় জামানতবিহীন ঋণের বিপরীতে ক্রেডিট গ্যারান্টি সুবিধা প্রসঙ্গে।

নং-বিকেবি-প্রকা/এসএমই বিঃ(শাখা-১)-৭(৮)/সিজিএস/২০২৩-২০২৪/

তারিখঃ ঐ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
- ০৫। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৬। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৯। নথি/মহানথি।

  
 ০২.০৪.২০২৪  
 (মোঃ পারভেজ কাওসার সরকার)  
 সহকারী মহাব্যবস্থাপক